# মূল বইয়ের অতিরিক্ত অংশ

# পঞ্চম অধ্যায়: বাজার

## পরীক্ষায় কমন পেতে অনন্য প্রশ্নোত্তর

**প্রশ্ন ▶১** মৌসুমি আজিমপুর থাকে। আজিমপুর এলাকায় পানির সমস্যা অনেক। ঢাকায় একমাত্র পানি উত্তোলনকারী কোম্পানি ঢাকা ওয়াসা। পানির একমাত্র যোগানদাতা হওয়ার কারণে ওয়াসা একাই এর নিয়ন্ত্রক এবং এর নিকট পরিবর্তক কোন দ্রব্য নেই। যার ফলে ওয়াসা পানি এর দাম পরিবর্তন করতে পারেন। ◀ *শিখনফল-৩ ও ৪*

ক. উপকরণের পূর্ণ গতিশীলতা থাকে কোন বাজারে? ১

খ. কোন বাজারে দ্রব্যের একক সমজাতীয় এবং কেন? ২

গ. উদ্দীপকে কোন বাজারের ইঙ্গিত করা হয়েছে ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত বাজারের সাথে পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের ভিন্নতা বিশ্লেষণ করো। ৪

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে উপকরণের অবাধ বিচরণ তথা পূর্ণ গতিশীলতা বিদ্যমান থাকে।

**খ** যেসব দ্রব্যের এককগুলো গঠন ও গুণগত দিক থেকে একই রকম অথচ পৃথকীকরণ করা যায়, তাদেরকে সমজাতীয় দ্রব্য বলে। আর সমজাতীয় দ্রব্য পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে পাওয়া যায়।

কেননা, পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের পণ্যগুলোর একক এমন হয় যা পরিমাণগত ও গুণগত দিক থেকে একই গুণসম্পন্ন হয়ে থাকে অথচ এদের পৃথক করা যায়।

**গ** উদ্দীপকে পানি উত্তোলনকারী একমাত্র প্রতিষ্ঠানটি হলো ঢাকা ওয়াসা, আর ঢাকা ওয়াসা একচেটিয়া বাজারের একটি উদাহরণ।

যে দ্রব্য বিক্রয়ে কোনো প্রতিষ্ঠান একচেটিয়া অধিকার লাভ করে সেই প্রতিষ্ঠান বাজারের সেই দ্রব্যের যোগান নিয়ন্ত্রণ করে। একচেটিয়া বাজারে একজন মাত্র উৎপাদক ও বিক্রেতা থাকে। তাছাড়া একচেটিয়া ফার্ম যে দ্রব্যটি উৎপাদন ও বিক্রি করে সে দ্রব্যের তেমন কোনো পরিবর্তক দ্রব্য নেই। এ বাজারে নতুন ফার্মের প্রবেশের সুযোগ নেই। যেমন, ঢাকা ওয়াসা, বাংলাদেশ অক্সিজেন, তিতাস গ্যাস ইত্যাদি।

উদ্দীপকে ঢাকা ওয়াসা পানির একমাত্র যোগানদাতা হওয়ায় এর কোনো প্রতিদ্বন্দ্বী নেই এবং ওয়াসার সরবরাহকৃত পানির কোনো ঘনিষ্ঠ পরিবর্তক দ্রব্যও নেই। ফলে ওয়াসা পানির যোগান ও দামের ওপর পূর্ণ নিয়ন্ত্রণ রাখতে সক্ষম। ঢাকা ওয়াসার সরবরাহকৃত পানির ক্রেতা ঢাকা শহর জুড়ে রয়েছে। অর্থাৎ, এই দ্রব্যের ক্রেতার সংখ্যা অনেক। ঢাকা ওয়াসা চাহিদা অনুযায়ী দ্রব্যের দাম বাড়াতে বা কমাতে পারে। একমাত্র যোগানদাতা হওয়ায় ওয়াসা এ সুবিধা ভোগ করতে পারে। ঢাকা ওয়াসাকে একচেটিয়া বাজারের একটি উৎকৃষ্ট উদাহরণ হিসেবে গণ্য করা যায়।

**ঘ** উদ্দীপকের বাজারটি হচ্ছে একচেটিয়া বাজার। একচেটিয়া বাজারের সাথে পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের বৈশিষ্ট্যগত ভিন্নতা লক্ষ করা যায় বলে আমি মনে করি।

একচেটিয়া বাজারে একজন মাত্র বিক্রেতা থাকে। অন্যদিকে, পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে কোনো দ্রব্যের অসংখ্য ক্রেতা ও বিক্রেতা থাকে। একচেটিয়া বাজার যে দ্রব্যটি উৎপাদন ও বিক্রি করে যেসব দ্রব্যের তেমন কোনো পরিবর্তক দ্রব্য নেই। অপরদিকে, পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে বিক্রিত পণ্য সমজাতীয় হয়। একচেটিয়া বাজারে ফার্ম ও শিল্পের মধ্যে কোনো পার্থক্য থাকে না। কিন্তু, একাধিক ফার্ম বা ইউনিট নিয়ে পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে দ্রব্যের শিল্প গড়ে ওঠে। একচেটিয়া বাজারে নতুন কোনো ফার্মের প্রবেশের সুযোগ নেই। অপরপক্ষে, পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে ফার্মসমূহের অবাধ প্রবেশ ও প্রস্থানের সুযোগ রয়েছে।

ঢাকা ওয়াসা হলো একটি একচেটিয়া প্রতিষ্ঠান, উক্ত প্রতিষ্ঠানটি ঢাকা শহরের সর্বত্র উত্তোলনকৃত পানি সরবরাহের একমাত্র প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির কোনো প্রতিদ্বন্দ্বী নেই এবং এর সরবরাহকৃত পণ্যের কোনো ঘনিষ্ঠ পরিবর্তকও নেই। আবার, পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে যে ফার্মসমূহ রয়েছে সবাই সমজাতীয় দ্রব্য উৎপাদন করে এবং এরূপ দ্রব্যের শিল্পে যেকোনো সময় যেকোনো ফার্মের প্রবেশ ও প্রস্থান রয়েছে। এ ধরনের বাজারে পণ্যটির যোগান ও দামের ওপর বিক্রেতাদের কোনো নিয়ন্ত্রণ থাকে না। বিক্রেতা ইচ্ছা করলেই পণ্যের দাম হ্রাস-বৃদ্ধি করতে পারে না।

সবশেষে বলা যায়, উদ্দীপকে ঢাকা ওয়াসার মাধ্যমে একচেটিয়া বাজারের কথা উল্লেখ করা হয়েছে, তার সাথে পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের যথেষ্ট ভিন্নতা রয়েছে।

**প্রশ্ন ▶২** সাভারের কৃষক আকবর আলী আলু, পটল, পাট চাষ করেন। তিনি উৎপাদিত আলু, পটল গ্রামের হাটে বিক্রি করেন। আর পাট সাভারের বড় পাট ব্যবসায়ী শওকত সাহেবের পাটের আড়তে বিক্রি করেন। শওকত সাহেব সেই পাট নারায়ণগঞ্জে নিয়ে গিয়ে বিক্রি করেন। বর্তমানে তিনি পাট ও পাটজাত দ্রব্য রপ্তানি করেন। ◀ *শিখনফল-২*

ক. অতি স্বল্পকালীন বাজার কী? ১

খ. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে বাহ্যিক প্রভাব নেই কেন? ২

গ. শওকত সাহেবের পাটের বাজারকে কোন ধরনের বাজার বলা হয় এবং কেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. কৃষক আকবর আলী ও শওকত সাহেবের দ্রব্যের বাজার স্থানভেদে বাজারের শ্রেণিবিভাগ বিশ্লেষণ করো। ৪

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** যে বাজার কয়েক ঘণ্টা থেকে কয়েকদিন পর্যন্ত স্থায়ী হয় তাকে অতি স্বল্পকালীন বাজার বলে। যেমন- গ্রামের শাকসবজি ও দুধের বাজার।

**খ** পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে দ্রব্যের উৎপাদন, মূল্য নির্ধারণ ইত্যাদির ক্ষেত্রে কোনো ধরনের সরকারি প্রভাব থাকে না।

অর্থাৎ পুঁজিবাদী অর্থব্যবস্থায় সরকার কর আরোপ, ভর্তুকি প্রদান, রেশনিং ইত্যাদির মাধ্যমে প্রভাব সৃষ্টি করে না। এজন্য পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে বাহ্যিক প্রভাব থাকে না।

**গ** শওকত সাহেবের পাটের বাজারকে আন্তর্জাতিক বাজার বলা হয়।

যে দ্রব্যের ক্রেতা ও বিক্রেতা দেশের ভূখণ্ডের বাইরেও বিস্তৃত থাকে সে দ্রব্যের বাজারকে আন্তর্জাতিক বাজার বলে। এ বাজারের দ্রব্য বিভিন্ন দেশের মধ্যে লেনদেন তথা আমদানি-রপ্তানি করা হয়। কাজেই এগুলোর বাজার আন্তর্জাতিক পর্যায়ের। এ বাজারে দ্রব্যের চাহিদা সাধারণভাবে বিশ্ব জুড়ে বিস্তৃত থাকে বলে তা প্রচুর পরিমাণে উৎপাদিত হয়।

উদ্দীপকের শওকত সাহেবের পাটের বাজারকে আন্তর্জাতিক বাজার বলার কারণ হলো, তার ক্রয়-বিক্রয় দেশের ভৌগোলিক সীমারেখা অতিক্রম করে বাইরের দেশগুলোতে বিস্তৃত রয়েছে। বাংলাদেশি পাটের বিশ্বব্যাপী চাহিদা রয়েছে। তাছাড়া সময়ের সাথে সাথে পাটের বহুমুখী ব্যবহার ঘটছে এবং পরিবেশগত কারণে কৃত্রিম তন্তু দ্বারা প্রস্তুতকৃত দ্রব্যাদির পরিবর্তে পাট দ্বারা প্রস্তুতকৃত দ্রব্যাদি সকলের নিকট গ্রহণীয় হয়ে উঠছে। এসব কারণে বাংলাদেশি পাটের বাজার আন্তর্জাতিক বাজারে পরিণত হয়েছে। সুতরাং শওকত সাহেবের পাটের বাজারকে আন্তর্জাতিক বাজার বলা যায়।

**ঘ** কৃষক আকবর আলীর দ্রব্যের বাজার হলো স্থানীয় বাজার এবং শওকত সাহেবের দ্রব্যের বাজার জাতীয় ও আন্তর্জাতিক বাজারকে নির্দেশ করে। এ বাজারগুলোকে স্থানভেদে বিভক্ত করা যায়।

যেসব দ্রব্যের ক্রয়-বিক্রয় কোনো দেশের একটি বিশেষ অঞ্চলের মধ্যে সীমাবদ্ধ থাকে তাকে স্থানীয় বাজার বলে। যেমন: মাছ, মাংস, শাক-সবজি ইত্যাদির বাজার। আবার, যেসব দ্রব্যের ক্রয়-বিক্রয় কোনো দেশের প্রায় সকল অঞ্চলজুড়ে বিস্তৃত তাকে জাতীয় বাজার বলে। যেমন: টাঙ্গাইলের শাড়ি, পাবনার লুঙ্গি, রংপুরের পাট ইত্যাদির বাজার। এছাড়া, যেসব দ্রব্যের ক্রয়-বিক্রয় দেশের ভূ-খন্ডের বাইরেও বিস্তৃত থাকে সেসব দ্রব্যের বাজারকে আন্তর্জাতিক বাজার বলে। যেমন: পাট, পাটজাত দ্রব্য, তৈরি পোশাক ইত্যাদির বাজার হলো আন্তর্জাতিক বাজার। এসব পণ্যের চাহিদা বিশ্বের প্রায় সব দেশেই কম-বেশি পরিলক্ষিত হয় বলে বিশ্বজুড়ে এসব পণ্যের বাজার বিস্তৃতি লাভ করেছে।

উদ্দীপকের আকবর আলী সবজি (আলু, পট) ও পাট চাষ করেন। তার উৎপাদিত সবজি পচনশীল দ্রব্য এবং এগুলো এক অঞ্চল থেকে অন্য অঞ্চলে নিয়ে যেতে পরিবহণ খরচ বেশি পড়বে বলে তিনি এগুলোকে গ্রামের হাটে তথা স্থানীয় বাজারে বিক্রি করেন। তাছাড়া আকবর আলী তার জমিতে উৎপাদিত পাট স্থানীয় আড়তদার শওকত সাহেবের কাছে বিক্রি করেন। অন্যদিকে, শওকত সাহেব তার ক্রয়কৃত পাট নারায়ণগঞ্জে নিয়ে বিক্রি করেন। এ স্থানটি তার এলাকা থেকে অনেক দূরে হলেও দেশের সীমানার মধ্যে অবস্থিত। যা জাতীয় বাজারকে নির্দেশ করে। এছাড়া তিনি পাট রপ্তানিও করেন। তাই শওকত সাহেবের পাটের বাজারকে জাতীয় ও আন্তর্জাতিক উভয় পর্যায়ের বাজার বলা যায়।

কাজেই বলা যায়, আকবর আলীর উৎপাদিত আলু ও পটল স্থানীয় বাজার এবং শওকত সাহেবের রপ্তানি করা পাট জাতীয় ও আন্তর্জাতিক বাজারের পণ্য।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

### ➤ উত্তর সংকেতসহ প্রশ্ন

**প্রশ্ন ▶৩** শান্তা গহনা কেনার জন্য 'অজ্ঞসাজ' জুয়েলার্সে গেল। ডিজাইন পছন্দ না হওয়ায় সে পাশের দোকানগুলোতেও অলংকার খোঁজ করছিল। শান্তা লক্ষ্য করে যে, প্রতিটি দোকানেই একই দাম এবং স্বর্ণ দোকানের সংখ্যাও অনেক। *◀ শিখনফল-৩*

ক. অর্থনীতিতে বাজার কী? ১
খ. উপকরণ বাজার বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের বাজারটি সম্পর্কে ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর ক্রেতার জন্য উদ্দীপকের বাজারটি উত্তম? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৩ নং প্রশ্নের উত্তর**

**ক** অর্থনীতিতে বাজার হলো এমন একটি প্রক্রিয়া, যেখানে ক্রেতা-বিক্রেতার প্রত্যক্ষ ও পরোক্ষ প্রতিযোগিতার মাধ্যমে নির্ধারিত দামে পণ্য বা সেবা ক্রয়-বিক্রয় সম্পন্ন হয়।

**খ** উৎপাদনে ব্যবহৃত যেকোনো মৌলিক উপাদানকে উপকরণ বলে। অন্যভাবে বলা যায়, উৎপাদন ব্যবস্থায় যা ব্যবহৃত হয় তাকে উপকরণ বলে। যে প্রক্রিয়ায় উপকরণ ক্রেতা ও বিক্রেতার মধ্যে বেচাকেনা হয় তাকে উপকরণ বাজার বলে। উপকরণের বেচাকেনা উপকরণের মূল্যের ওপর নির্ভর করে। উপকরণের চাহিদা ও যোগান সমতা দ্বারা বাজারে উপকরণের মূল্য নির্ধারিত হয়।

*সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের বৈশিষ্ট্য ব্যাখ্যা করো।

**ঘ** পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের সুবিধাগুলো আলোচনা করো।

**প্রশ্ন ▶৪** রংপুরের জনাব করিম ভরসা একজন খ্যাতনামা ও সফল পাটের ব্যবসায়ী। বর্তমানে এ ব্যবসা অত্যন্ত প্রতিযোগিতামূলক। কেননা পাটের বাজার জাতীয় ও আন্তর্জাতিকভাবে চাহিদা রয়েছে। তাই জনাব করিম ভরসা এদেশের পাট বিদেশেও রফতানি করে থাকেন। পাটের রফতানি বাণিজ্যে জনাব করিম ভরসার বেশ সুনাম রয়েছে। পাটের বাজারকে বিস্তৃত বাজারে পরিণত করার ক্ষেত্রে করিম ভরসাদের মতো অনেক রফতানিকারকই কাজ করছে। *◀ শিখনফল-২*

ক. প্রতিযোগিতার ভিত্তিতে বাজারকে প্রধানত কত ভাগে ভাগ করা যায়? ১
খ. অপূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের শ্রেণিবিভাগ উল্লেখ করো। ২
গ. পাটের বাজারকে কেন আন্তর্জাতিক বাজার বলা হয়? তা জনাব করিম ভরসার অভিজ্ঞতার আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. কীভাবে পাটের বাজার আন্তর্জাতিক বাজারের শর্তাবলি পূরণ করে তা বিশ্লেষণ করো। ৪

**৪ নং প্রশ্নের উত্তর**

**ক** প্রতিযোগিতার ভিত্তিতে বাজারকে প্রধানত ২ ভাগে ভাগ করা যায়।

**খ** অপূর্ণ প্রতিযোগিতামূলক বাজার নিম্নোক্ত কয়েকটি শ্রেণিতে বিভক্ত। যথা: ১. একচেটিয়া বাজার ২. একচেটিয়া প্রতিযোগিতার বাজার ৩. অলিগোপলি বাজার।

*সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** জাতীয় ও আন্তর্জাতিক বাজার ব্যাখ্যা করো।

**ঘ** দীর্ঘকালীন ও আন্তর্জাতিক বাজারের বৈশিষ্ট্য আলোচনা করো।

## ➤ অনুশীলনের জন্য আরও প্রশ্ন

**প্রশ্ন ▶ ৫** বাংলাদেশের মানুষ একটি নির্ধারিত দামে বিদ্যুৎ ক্রয় করতে বাধ্য থাকে। দামের ক্ষেত্রে ভোক্তার কোনো প্রভাব কার্যকর হয় না।

◀ *শিখনফল-৩*

ক. ফার্ম কী? ১
খ. সময়ের প্রেক্ষিতে বাজারের শ্রেণিবিভাগ দেখাও। ২
গ. বিদ্যুতের বাজার কোন ধরনের বাজার? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের বাজারের সাথে পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের পার্থক্য দেখাও। ৪

**প্রশ্ন ▶ ৬** জেবা একটি নির্দিষ্ট ব্র্যান্ডের জুতা কিনতে গেলে দাম আগের চেয়ে অনেক বেশি দেখতে পায়। কারণ জানতে চাইলে দোকানি জানায়, উক্ত জুতো একটি মাত্র কোম্পানি আমদানি করে। কোম্পানি দাম বাড়ালে তাদের কিছু করার থাকে না। অনুরূপ কোনো জুতা বাজারে না থাকায় জেবাকে উচ্চ দরে জুতা জোড়া ক্রয় করতে হয়। ◀ *শিখনফল-৩ ও ৪*

ক. ফার্ম কী? ১
খ. অতি স্বল্পকালীন বাজারের ধারণাটি ব্যাখ্যা করো। ২
গ. জেবা ক্রয়কৃত পণ্যটি কোন বাজারের? ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশে জেবার ক্রয়কৃত পণ্যের বাজারের পরিধি কতটুকু? বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন ▶ ৭** সালমা এক দরের দোকান থেকে একটি কসমেটিকস দ্রব্য কিনে আনলো। এই দ্রব্যটি নির্দিষ্ট একটি কোম্পানি ছাড়া অন্য কোনো কোম্পানি বানাতে পারে না এবং তারা যে দাম নির্দিষ্ট করে দেয় সেই দামেই ক্রেতাকে কিনতে হয়। ◀ *শিখনফল-৩ ও ৪*

ক. বাজার কাকে বলে? ১
খ. ফার্ম ও শিল্প বলতে কী বোঝায়? ২
গ. সালমা যে কসমেটিকস দ্রব্যটি কিনলো সেটি যে বাজারব্যবস্থার অন্তর্গত, সেই বাজারের বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত বাজার ব্যবস্থা কি ক্রেতার সঠিক কল্যাণ নিশ্চিত করতে পারে? তোমার মতামত দাও। ৪

# নিজেকে যাচাই করি

## সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

**১. বাজারের সংজ্ঞা দেন কে?**
ক মার্শাল খ এডাম স্মিথ
গ কুর্নট ঘ রকিন্স

**২. অর্থনীতিবিদ কুর্নট কোন দেশের অধিবাসী?**
ক জার্মানি খ রাশিয়া
গ ফ্রান্স ঘ আমেরিকা

**৩. গায়ে মাখা সাবান কোন বাজারের উদাহরণ?**
ক একচেটিয়া প্রতিযোগিতামূলক
খ একচেটিয়া কারবার
গ পূর্ণ প্রতিযোগিতামূলক
ঘ অলিগোপলি

**৪. কোনটি পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের বৈশিষ্ট্য?**
ক বাহ্যিক প্রভাব নেই
খ কয়েকজন ক্রেতা-বিক্রেতা
গ বাজার মূল্যের ভিন্নতা
ঘ নিকট পরিবর্তক দ্রব্য নেই

**অনুচ্ছেদটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:**
'X' ফার্ম তার পণ্যের বিজ্ঞাপনে একজন সুপার মডেলকে ব্যবহার করে। অন্যদিকে, 'Y' ফার্ম তার পণ্যের বিজ্ঞাপনে একজন সুপার স্টারকে ব্যবহার করে।

**৫. অনুচ্ছেদের বাজারটি কোন ধরনের বাজারের উদাহরণ?**
ক স্বল্পকালীন বাজার
খ দীর্ঘকালীন বাজার
গ একচেটিয়া বাজার
ঘ অলিগোপলি বাজার

**৬. এ ধরনের বাজারের বৈশিষ্ট্য হচ্ছে–**
i. প্রায় সমজাতীয় দ্রব্য ক্রয় বিক্রয় হয়
ii. ক্রেতা বিক্রেতার কোন লাভ লোকসান নেই
iii. একজন বিক্রেতা অন্য বিক্রেতার আচরণ পর্যবেক্ষণ করেন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৭. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে ক্রেতা বিক্রেতার সংখ্যা কত?**
ক দুইজন বিক্রেতা খ কয়েকজন বিক্রেতা
গ অসংখ্য ক্রেতা ও বিক্রেতা
ঘ একজন বিক্রেতা

**৮. ক্লোজ আপ টুথপেস্ট কোন বাজারের পণ্য?**
ক ডুয়োপলি
খ পূর্ণ প্রতিযোগিতার বাজার
গ অলিগোপলি
ঘ একচেটিয়ামূলক প্রতিযোগিতার বাজার

**৯. অপূর্ণ প্রতিযোগিতার বাজারকে কয় ভাগে ভাগ করা যায়?**
ক ৩ খ ৫
গ ৬ ঘ ৮

**১০. আনিস বাজার থেকে চাল, ডাল, লবণ আনতে গেল। আনিস যে বাজারে যায় তার বৈশিষ্ট্য হলো—**
i. সমজাতীয় পণ্য
ii. অসংখ্য ক্রেতা-বিক্রেতা
iii. উপকরণের পূর্ণ গতিশীলতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১১. একচেটিয়া কারবারির উৎপাদনের লক্ষ্য কী?**
ক মুনাফা অর্জন খ বাজার নিয়ন্ত্রণ
গ পণ্য উৎপাদন ঘ প্রতিযোগিতা করা

**১২. কোন বাজারে নতুন ফার্ম প্রবেশের কোনো সুযোগ নেই?**
ক পূর্ণ প্রতিযোগিতা খ একচেটিয়া
গ অলিগোপলি ঘ ডুয়োপলি

**১৩. কখন একচেটিয়া কারবার দ্রব্যের দাম কমিয়ে দেয়?**
ক উৎপাদন বেশি হলে
খ চাহিদা না থাকলে
গ নতুন ফার্ম প্রবেশ করলে
ঘ দ্রব্যে গুণগত মান নষ্ট হলে

**১৪. ববি নিত্য নতুন ডিজাইন দিয়ে নানা রকমের পোশাক তৈরি করে। তারপর সে তার ইচ্ছেমতো দাম নির্ধারণ করে। ববি কোন বাজারের পণ্য তৈরি করে?**
ক পূর্ণ প্রতিযোগিতা বাজার
খ অপূর্ণ প্রতিযোগিতার বাজারে
গ একচেটিয়া বাজার
ঘ একচেটিয়ামূলক প্রতিযোগিতা

**১৫. একচেটিয়া বাজারের বৈশিষ্ট্য—**
i. একজন উৎপাদক ii. একজন বিক্রেতা
iii. একজন ক্রেতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৬. অক্সিজেন কোন বাজারের দ্রব্য?**
ক পূর্ণ প্রতিযোগিতার খ একচেটিয়া
গ ডুয়োপলি ঘ অলিগোপলি

**১৭. কোন বাজারে ঘনিষ্ঠ বিকল্প দ্রব্য অনুপস্থিত?**
ক পূর্ণ প্রতিযোগিতা বাজার
খ অপূর্ণ প্রতিযোগিতার বাজারে
গ একচেটিয়া বাজার
ঘ একচেটিয়ামূলক প্রতিযোগিতা

**১৮. কোন বাজারে ফার্ম ও শিল্পের মধ্যে কোনো পার্থক্য নেই?**
ক পূর্ণ প্রতিযোগিতার বাজারে
খ দুজন বিক্রেতার বাজারে
গ কয়েকজন বিক্রেতার বাজারে
ঘ একচেটিয়া বাজারে

**১৯. কোন বাজারে একজন মাত্র উৎপাদক বা বিক্রেতা থাকে?**
ক পূর্ণ প্রতিযোগিতা বাজার
খ অপূর্ণ প্রতিযোগিতার বাজারে
গ একচেটিয়া বাজার
ঘ একচেটিয়ামূলক প্রতিযোগিতা

**২০. কোন বাজারে বিক্রেতার ইচ্ছা অনুযায়ী দ্রব্যের যোগান নির্ধারিত হয়?**
ক পূর্ণ প্রতিযোগিতার খ একচেটিয়া
গ ডুয়োলি ঘ অলিগোপলি

**২১. একচেটিয়া বাজারে ক্রেতার দিকে থেকে কী আসে?**
ক চাহিদা খ যোগান
গ ভোগ ঘ উৎপাদন

**২২. একচেটিয়া বাজারের বৈশিষ্ট্য—**
i বিক্রেতা যোগান নিয়ন্ত্রণ করে
ii দ্রব্যের একক সমজাতীয়
iii সর্বাধিক মুনাফা লাভের চেষ্টা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i ,iiও iii

**২৩. 'Close-up' টুথপেস্ট কোন বাজারের পণ্য?**
ক ডুয়োপলি খ অলিগোপলি
গ পূর্ণ প্রতিযোগিতার বাজার
ঘ একচেটিয়ামূলক প্রতিযোগিতা

**২৪. গায়ে মাখা সাবান বিভিন্ন বিজ্ঞাপনে পণ্যের গুণাগুণের প্রভাব, রঙ, সাইজ ও প্যাকেট ইত্যাদির বেলায় বেশ যত্নবান এই ধরনের পণ্যের বাজারকে কী বলা যায়?**
ক পূর্ণ প্রতিযোগিতার বাজার
খ কয়েকজন বিক্রেতার বাজার
গ একচেটিয়ামূলক প্রতিযোগিতা
ঘ ডুয়োপলি

**২৫. নিচের কোনটি একচেটিয়া প্রতিযোগিতার বাজারে বিদ্যমান থাকে?**
ক ফার্ম ও শিল্প একই
খ জোট বা দলভুক্ত ফার্ম
গ বাহ্যিক প্রভাবহীনতা
ঘ নতুন ফার্মের প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ

**২৬. কোনো ফার্ম তার পণ্যের দাম কিছুটা বৃদ্ধি করলেও এর চাহিদা কেমন হয়?**
ক শূন্য হয় না খ শূন্য হয়
গ স্থির থাকে ঘ বৃদ্ধি পায়

**২৭. একচেটিয়া প্রতিযোগিতারের বৈশিষ্ট্য হলো—**
i. বিজ্ঞাপন
ii. গ্রুপ/দলীয় ভারসাম্যের উপস্থিতি
iii. নিকট পরিবর্তক দ্রব্য নেই
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**২৮. অলিগোপলি বাজারে কোন ধরনের দ্রব্য ক্রয়-বিক্রয় হয়?**
ক পৃথকীকরণ করা যায়
খ সমজাতীয় নয়
গ প্রায় সমজাতীয়
ঘ গুণগত মানসম্পন্ন

**অনুচ্ছেদটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:**
মুনা সুপার মার্কেট থেকে কিছু প্রসাধনী দ্রব্য কেনার সময় বিভিন্ন ব্র্যান্ডের নাম লক্ষ করল। আকর্ষণীয় বিভিন্ন মোড়ক তাকে আকৃষ্ট করলেও সে আগে ব্যবহার করছে এমন কোম্পানীর পণ্যগুলোই ক্রয় করল।

**২৯. মুনার ক্রয়কৃত পণ্যের বাজার কীরূপ?**
ক একচেটিয়া বাজার
খ একচেটিয়া প্রতিযোগিতা
গ দ্বি-বিক্রেতা ঘ মুষ্টিমেয় বিক্রেতা

**৩০. উক্ত বাজারের কোন বৈশিষ্ট্যটি দেখা যায়?**
ক নিকট পরিবর্তক দ্রব্য নেই
খ সিদ্ধান্ত গ্রহণে স্বাধীনতা
গ সর্বাধিক মুনাফা লাভের চেষ্টা
ঘ দ্রব্যের অনুকরণ

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.** ▶ কদম রুপার গয়না কেনার জন্য যশোর চুড়িপট্টি মার্কেটে যায়। সেখানে পাশাপাশি অনেকগুলো দোকানেই প্রতিযোগিতার মাধ্যমে রুপার গয়না বিক্রি হয়। সে কয়েক দোকান দেখে এবং একটি দোকান থেকে সুন্দর এক জোড়া চুড়ি কেনে। কদম জানতে পারে, সহজে ও অল্প খরচে যশোরের পার্শ্ববর্তী জেলার কারিগর চুড়িগুলো তৈরি করে পাঠিয়েছে।

ক. বাজার ব্যবস্থা কী? ১
খ. দীর্ঘকালীন বাজার বলতে কী বোঝায়? ২
গ. কদম যেখানে গয়না কিনতে যায় তার বাজারটির ধরন ব্যাখ্যা করো। ৩
ঘ. কদমের ক্রয়কৃত চুড়ির বাজার কি আন্তর্জাতিক? ব্যাখ্যা করো। ৪

**২** রফিক সাহেব তার অর্থনীতি বইয়ে বিভিন্ন ধরনের বাজারের কথা পড়েছে। তবে বাস্তবে সে এখানকার বাজার ব্যবস্থায় কোন কোন বাজারের সামান্যই এবং কোন কোন বাজারের অধিক প্রতিফলন দেখে। এদেশে বহু বিক্রেতা বহু ক্রেতা অথবা একজন মাত্র বিক্রেতার বাজার তেমন একটা দেখা না গেলেও তার মনে হয়, দ্রব্য সমজাতীয় অথচ পৃথিকীকরণ করা যায় এমন বাজারের অস্তিত্বই সর্বত্র বিদ্যমান।

ক. ফার্ম কী? ১
খ. স্থানীয় বাজার কোন দিক থেকে জাতীয় ও আন্তর্জাতিক বাজার থেকে পৃথক? ২
গ. মূলত বাজারে বিক্রেতাদের সংখ্যার ভিত্তিতে অপূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের শ্রেণিবিভাগ করা হয় কথাটি ব্যাখ্যা করো। ৩
ঘ. রফিকের অর্থনীতির বইয়ের আলোকে বাংলাদেশের বাজার ব্যবস্থার স্বরূপ বিশ্লেষণ করো। ৪

**৩.** ▶ হাকালুকি হাওড়ে হঠাৎ প্রচুর মাছ ধরা পড়ায় মাছের দাম একেবারে কমে গেল। যেহেতু দূরে পাঠানোর সুযোগ কম তাই কম দামেই মাছ বিক্রি করতে হল। যদি মাছ না হয়ে ধান হত তবে সংরক্ষণ করে রাখা যেত এবং বেশি দামের জন্য অপেক্ষা করা যেত।

ক. একচেটিয়া বাজার কী? ১
খ. অঞ্চলভেদে বাজারের শ্রেণিবিভাগ বর্ণনা করো। ২
গ. 'পূর্ণ প্রতিযাগিতার বাজারে বিক্রেতা শুধু দাম গ্রহণকারী, দাম তৈরিকারী নয়।' বিষয়টি যুক্তি সহকারে বুঝিয়ে দাও। ৩
ঘ. বাংলাদেশের চাউলের বাজার ও বিদ্যুতের বাজারের তুলনামূলক বিশ্রেষণ করে এদের প্রকৃতি নিরূপণ করো। ৪

**৪.** ▶ রহিম মিয়া প্রতিদিন সকালে ঘুম থেকে উঠে বড় একটি ঝুড়িতে দুই-তিন পদের সবজি নিয়ে বাজারে বিক্রির জন্য যান। প্রতিদিনই অল্প সময়ের মধ্যে তার সব সবজি বিক্রি হয়ে যায়। কোনো কোনো দিন চাহিদা বুঝে তিনি সবজির দাম বাড়িয়ে দেন। তারপরও অতি দ্রুত সব সবজি বিক্রি হয়ে যায়। প্রায় দিনই তিনি আরো বেশি সবজি না আনতে পারায় আফসোস করেন।

ক. বাজার কাকে বলে? ১
খ. সময়ের প্রেক্ষিতে বাজারকে কয় ভাগে ভাগ করা যায় ও কী কী? ২
গ. উদ্দীপকে কোন ধরনের বাজারের চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. রহিম মিয়া যদি দীর্ঘকালীন বাজার ব্যবস্থার সাথে জড়িত থাকতেন তাহলে তাকে আর আফসোস করতে হতো না— পাঠ্যবইয়ের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

**৫.** ▶ আরমান সাহেব একজন সরকারি চাকরিজীবী। তিনি সপ্তাহের ছুটির দিন বাজারে যান এবং তার সাথে অনেক ক্রেতা ও বিক্রেতার সাক্ষাৎ হয়। হঠাৎ তিনি লক্ষ করলেন যে, গত সপ্তাহের চেয়ে পণ্যের দাম ও ক্রেতার সংখ্যা বেশি কিন্তু বিক্রেতা কম, তা সত্ত্বেও সাংসারিক প্রয়োজন মেটাতে তিনি কিছু পণ্য নগদে এবং কিছু পণ্য বাকিতে ক্রয় করেন। তিনি গত সপ্তাহে দাম ও ক্রেতার মধ্যে একটা সমতা লক্ষ করেছিলেন, যা এ সপ্তাহে অনুপস্থিত।

ক. ভর্তুকি কী? ১
খ. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে বাহ্যিক প্রভাব নেই কেন? ২
গ. আরমান সাহেব বাজারে এসে যে অবস্থার মুখোমুখি হন সেই বাজারটি কোন ধরনের বাজার তা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে পূর্বের সপ্তাহে যে পদ্ধতিতে বাজারে দাম নির্ধারিত হয়েছিল তা তোমার পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

**৬.** ▶ জনাব 'ক' বাংলাদেশের একমাত্র শিশুখাদ্য উৎপাদনকারী। বাংলাদেশে শুধু তার কোম্পানিই শিশুখাদ্য উৎপাদন করে। সরকারি কিছু নীতি নির্ধারণের ফলে বিদেশ থেকেও শিশুখাদ্য আমদানি করা যাচ্ছে না। তাই 'ক' কোম্পানি বাজারে শিশুখাদ্যের যোগান ও দাম পুরো নিয়ন্ত্রণ করছে।

ক. অলিগোপলি বাজার কী? ১
খ. একচেটিয়া প্রতিযোগিতার উদ্ভব হয় কেন? ২
গ. জনাব 'ক' এর প্রতিষ্ঠান কোন ধরনের বাজারের উদাহরণ? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব 'ক' কীভাবে শিশুখাদ্যের যোগান ও দামে প্রভাব বিস্তার করছেন বলে তুমি মনে করো? যুক্তি দাও। ৪

**৭.** ▶ করিমউল্লা গ্যাস কিনতে বাজারে গেল। বাজারে গ্যাসের দাম বেশি হওয়ায় করিমউল্লা বিক্রেতার কাছে জানতে চাইল গ্যাসের দাম বেশি কেন? বিক্রেতা তাকে বলল, গ্যাসের বাজারে মাত্র একজন বিক্রেতা আছে। তাই গ্যাসের দাম বেশি।

ক. অর্থবাজার কী? ১
খ. স্বল্পকালীন বাজারের ধারণাটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের কোন বাজারের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত বাজারে একমাত্র বিক্রেতাই বাজারে দ্রব্যের দাম ও যোগান নিয়ন্ত্রণ করে। ব্যাখ্যা করো। ৪

**৮.** ▶ মারিয়া গহনা কেনার জন্য আমিন জুয়েলার্সে গেল। ডিজাইন পছন্দ না হওয়ায় সে পাশের দোকানগুলোতেও পছন্দের অলংকার খোঁজ করছিল। সে দেখল প্রতিটি দোকানে একই দাম এবং স্বর্ণ দোকানের সংখ্যাও অনেক।

ক. সময়ের প্রেক্ষিতে বাজার কত প্রকার? ১
খ. ফার্ম ও শিল্পের মধ্যে পার্থক্য লিখ। ২
গ. উদ্দীপকের বাজারটি সম্পর্কে ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে করো, ক্রেতার জন্য উদ্দীপকের বাজারটি উত্তম? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৯.** ▶ স্কয়ার টয়লেট্রিজ লিমিটেড চাকা ওয়াশিং পাউডারের একটি চমৎকার বিজ্ঞাপন তৈরি করে। উক্ত বিজ্ঞাপনে ময়লা জামাকাপড়কে উত্তমরূপে ধোলাই করা হয়। এই বিজ্ঞাপনের মাধ্যমে চাকা ওয়াশিং পাউডারের বিক্রি বৃদ্ধি পেয়েছে।

ক. Monopoly শব্দের অর্থ কী? ১
খ. দ্রব্যের মূল্য নির্ধারণের উপায় ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের যে ধরনের বাজারের ইঙ্গিত রয়েছে তার ব্যাখ্যা দাও। ৩
ঘ. উদ্দীপকের শেষ লাইনটির মূল্যায়ন করো। ৪

**১০.** ▶ গাজী মিয়া একজন ক্ষুদ্র কৃষক। সে তার সামান্য জমিতে পেঁপে চাষ করে। দৈনন্দিন চাহিদা মেটানোর কারণে সে তার উৎপাদিত পণ্য হাশেম বেপারির কাছে কম দামে বিক্রি করতে বাধ্য হয়। হাশেম বেপারি সেই পেঁপে শহরে নিয়ে বিক্রি করে প্রচুর মুনাফা অর্জন করে।

ক. শিল্প কী? ১
খ. একচেটিয়া বাজারের বৈশিষ্ট্য উল্লেখ করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত হাশেম বেপারি কী ধরনের ব্যবসায়ী? ব্যাখ্যা করো। ৩
ঘ. গাজী মিয়া তার উৎপাদিত পেঁপের প্রকৃত মূল্য না পাওয়ার কারণ বিশ্লেষণ করো। ৪

**১১.** ▶ রাঈতা একটি নির্দিষ্ট ব্রান্ডের জুতো ব্যবহার করে। সে নতুন একটি জুতো কিনতে গেলে দাম আগের চেয়ে অনেক বেশি দেখতে পায়। কারণ জানতে চাইলে দোকানি জানায়, উক্ত জুতো একটি মাত্র কোম্পানি আমদানি করে। কোম্পানি দাম বাড়ালে তাদের কিছু করার থাকে না। অনুরূপ কোনো জুতো বাজারে না থাকায় রাঈতাকে উচ্চ দরে জুতো ক্রয় করতে হয়।

ক. উপকরণ কাকে বলে? ১
খ. অতি স্বল্পকালীন বাজারের ধারণাটি ব্যাখ্যা করো। ২
গ. রাঈতার ক্রয়কৃত পণ্যটি কোন বাজারের? ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশে রাঈতার ক্রয়কৃত পণ্যের বাজারের পরিধি কতটুকু? বিশ্লেষণ করো। ৪

## সৃজনশীল বহুনির্বাচনি | মডেল প্রশ্নপত্রের উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | গ | ৩ | ক | ৪ | ক | ৫ | ঘ | ৬ | গ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ক |
| ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | খ | ২১ | ক | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ঘ |